

মুরাদনগরের ৫০ প্রাথমিকে প্রধান শিক্ষক নেই

মুরাদনগর (কুমিল্লা) প্রতিনিধি >

কুমিল্লার মুরাদনগরে ২০৪টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৫০টি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক ও ৮০টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। এতে সংশ্লিষ্ট বিদ্যালয়ে প্রশাসনিক কার্যক্রমসহ শিক্ষা কার্যক্রম ভেঙে পড়েছে।

জানা যায়, ২০১১ সাল থেকে পর্যায়ক্রমে ক্রমশঃলোতে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। ২০০৯ সাল থেকে পদোন্নতি বন্ধ থাকায় এ অবস্থার সৃষ্টি হয়েছে। সরকারি নিয়ম অনুযায়ী প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের শূন্য পদের ৩৫ শতাংশ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার কথা। বাকি ৬৫ শতাংশ পূরণ করা হয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত সহকারী শিক্ষকদের পদোন্নতির মাধ্যমে।

নাম প্রকাশ না করার শর্তে এক শিক্ষক বলেন, চার বছর আগাদের বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষক সংকেট। এতে করে পাঠদান ব্যাহত হচ্ছে। সহকারী শিক্ষকদের মধ্য থেকে একজনকে প্রধান শিক্ষকের দায়িত্ব দেওয়া হয়েছে। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এ এন এম সাহাবুল আলম বলেন, ২৫টি কুলে প্রধান শিক্ষক দেওয়ার জন্য ও ২৫ জন শিক্ষকের পদোন্নতির ব্যাপারে ইতিমধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসকে লিখিতভাবে জানানো হয়েছে।